

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩২৮৪

১১. কিতাবুয যাকাত (کتاب الزکاة)

পরিচ্ছেদঃ হাসান রাদিয়াল্লাহু আনহু সাদাকার খেজুর মুখে দেওয়ার পর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাঁর হাত হাসান রাদিয়াল্লাহু আনহুর মুখে দিয়ে তা বের করেন

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ الْمُصْطَفَى صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَدْخَلَ إِصْبَعَهُ فِي فِي الْحَسَنِ فَأَخْرَجَ التَّمْرَةَ منْهُ بَعْدَمَا لَاكَهَا

আরবী

3284 ـ سَمِعْتُ أَبَا خَلِيفَةَ يَقُولُ: سَمِعْتُ عَبْدَ الرَّحْمَنِ بْنَ بَكْرِ بْنِ الرَّبِيعِ بْنِ مُسْلِمٍ يَقُولُ: سَمِعْتُ مُحَمَّدَ بْنَ زِيَادٍ يَقُولُ: سَمِعْتُ أَبَا هُرَيْرَةَ يَقُولُ: سَمِعْتُ الرَّبِيعَ بْنَ مُسْلِمٍ يَقُولُ: سَمِعْتُ مُحَمَّدَ بْنَ زِيَادٍ يَقُولُ: سَمِعْتُ أَبَا هُرَيْرَةَ يَقُولُ: لَا الْقَاسِمِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ تمرٌ مِنْ تَمْرِ الصَّدَقَةِ فَأَخَذَ الْحَسَنُ بْنُ عَلِيِّ يَقُولُ: أَتَى أَبَا الْقَاسِمِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِصْبَعَيْهِ فِي فِيهِ فَأَخْرَجَهَا وَقَالَ: (كِخْ تَمْرَ الْمَدْقَةُ فَلَاكَهَا فَأَدْرَجَهَا وَقَالَ: (كِخْ أَيْ بُنَى ّ أَمَا عَلِمْتَ أَنَّا لَا تحل لنا الصدقة)

الراوي: أَبُو هُرَيْرَةَ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3284 ا خلاصة حكم المحدث: صحيح: ق.

বাংলা

৩২৮৪. আবৃ হুরাইরা রাদ্য়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "আবুল কাসিম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের কাছে সাদাকার খেজুর আসে। অতঃপর হাসান বিন আলী রাদ্য়াল্লাহু আনহুমা সেখান থেকে একটি খেজুর নিয়ে মুখে দেন। তখন নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাঁর হাতের দুটি আঙ্গুল তার মুখে ঢুকিয়ে তা বের করে আনেন এবং বলেন, "ফেলো, হে বৎস। তুমি কি জানো না যে, আমাদের জন্য সাদাকার মাল ভক্ষন করা বৈধ নয়?"[1]

ফুটনোট

[1] মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ৩/২১৪; সহীহ মুসলিম: ১০৬৯; মুসনাদ আহমাদ: ২/৪৪৪; তাহাবী: ২/৯;



বাগাবী: ১৬০৫; আত তায়ালিসী: ২৪৮২; দারেমী: ১/৩৮৬-৩৮৭; সহীহুল বুখারী: ১৪৯১; সুনান বাইহাকী: ৭/২৯; মুসান্নাফ আব্দুর রায্যাক: ৬৯৪০।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা'লীকাতুল হিসান: ৩২৮৩)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবৃ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন